বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
জেনারেল ক্রেডিট বিভাগ।
www.krishibank.org.bd

নং- বিকেবি-প্রকা/জেঃক্রেবি/১/৩৭)/অংশ-১২/২০২৩-২০২৪/ ১৬৯৬(১২৫০) তারিখঃ ০৮.০৫.২০২৪ খ্রিঃ

বিষয়ঃ বাংলাদেশ কৃষি ব্যাংক (বিকেবি) এর অ-কৃষি, বাণিজ্যিক ঋণ এবং ৫০.০০ (পঞ্চাশ) লক্ষ ও তদূর্ধ্ব ঋণের জন্য ঋণ গ্রহীতা কর্তৃক সম্পাদিত বন্ধকি দলিল এবং পাওয়ার অব এটর্নি দলিল সাব-রেজিস্ট্রি অফিসে নিবন্ধনকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে বিকেবি, বিভাগীয় কার্যালয়, ময়মনসিংহ এর পত্র নং-বিকা(ময়মন)/পরি-২(২)/২০২৩-২০২৪/৩৬৮৪, তারিখ ১১/০৩/২০২৪ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বাংলাদেশ কৃষি ব্যাংক এর অ-কৃষি, বাণিজ্যিক ঋণ এবং ৫০.০০ (পঞ্চাশ) লক্ষ ও তদূর্ধ্ব ঋণের জন্য ঋণ গ্রহীতা কর্তৃক সম্পাদিত বন্ধকি দলিল এবং পাওয়ার অব এটর্নি দলিল সাব-রেজিস্ট্রি অফিসে নিবন্ধনকরণের নিমিত্ত পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-০৩/২০২৪, তারিখঃ ০৯/০২/২০২৪ জারী করা হয়। উক্ত সার্কুলারের বিষয়ে বিকেবি, বিভাগীয় কার্যালয়, ময়মনসিংহ কর্তৃক নিম্নোক্ত বিষয়ে স্পষ্টীকরণ জানতে চাওয়া হয়েছে। এ প্রেক্ষিতে বর্ণিত সার্কুলারের বিষয়ে মাঠ কার্যালয়ের অস্পষ্টতার বিপরীতে স্পষ্টীকরণ নিম্নরূপঃ

| ক্রমিক নং | মাঠ কার্যালয়ের অস্পষ্টতা | স্পষ্টীকরণ |
|---|---|---|
| ক) | বিকেবি, ক্রেডিট পলিসি এন্ড অপারেশন ম্যানুয়েল-২০১৯ এর ২০.০৫ (ঘ) অনুযায়ী ঋণ নবায়নকালে, অ-কৃষি, বাণিজ্যিক ঋণ এবং ৫০.০০ (পঞ্চাশ) লক্ষ ও তদুর্ধ্ব ঋণের জন্য ঋণ গ্রহীতা কর্তৃক সম্পাদিত বন্ধকি দলিল এবং পাওয়ার অব এটর্নি দলিল সাব-রেজিস্ট্রি অফিসে নিবন্ধন করার প্রয়োজন হবে কিনা ? | ক) বিকেবি, জেনারেল ক্রেডিট বিভাগের পরিকল্পনা ও পরিপত্র নং-০৩/২০২৪, তারিখঃ ১৯/০২/২০২৪ মোতাবেক ইতোঃপূর্বে ঋণ গ্রহীতা কর্তৃক সম্পাদিত বন্ধকি দলিল এবং পাওয়ার অব এটর্নি দলিল সাব-রেজিস্ট্রি অফিসে নিবন্ধন করা না হলে ঋণ নবায়নকালে অ-কৃষি, বাণিজ্যিক ঋণ এবং ৫০.০০ (পঞ্চাশ) লক্ষ ও তদুর্ধ্ব ঋণের জন্য ঋণ গ্রহীতা কর্তৃক সম্পাদিত বন্ধকি দলিল এবং পাওয়ার অব এটর্নি দলিল সাব-রেজিস্ট্রি অফিসে নিবন্ধন করতে হবে। |
| খ) | সাব-রেজিস্ট্রি অফিসে নিবন্ধন করার জন্য ২০.০৫(গ)(১) অনুযায়ী এলএফ-১৩/এলএফ-১৩(ক) ফরমেটে দলিল প্রস্তুত করা হবে নাকি অন্য কোন নির্ধারিত ফরমেটে দলিল প্রস্তুত করতে হবে ? | খ) সাব-রেজিস্ট্রি অফিসে নিবন্ধন করার জন্য ২০.০৫(গ)(১) অনুযায়ী এলএফ-১৩/এলএফ-১৩(ক) ফরমেটে দলিল প্রস্তুত করা যাবে। তবে ব্যাংকের স্বার্থে সাব-রেজিস্ট্রি অফিসের নির্দিষ্ট ফরমেটে বন্ধকি দলিল প্রস্তুত করে সম্পাদন ও রেজিস্ট্রি করা যাবে। |
| গ) | উল্লেখিত দলিল সংশ্লিষ্ট সাব-রেজিস্ট্রি অফিসের তালিকাভূক্ত দলিল লেখক দ্বারা নাকি ব্যাংকের আইনউপদেষ্টা দ্বারা লেখা হবে ? | গ) সাব-রেজিস্ট্রি অফিসের তালিকাভূক্ত দলিল লেখক দ্বারা বন্ধকী দলিল প্রস্তুত করে সংশ্লিষ্ট শাখা ব্যবস্থাপক দলিলের তফসিল ও অন্যান্য তথ্যাদি যাচাইপূর্বক রেজিস্ট্রেশনের জন্য উপস্থাপন করবে। |
| ঘ) | সাব-রেজিস্ট্রি অফিসে সম্পাদিত দলিলের মেয়াদাল কত দিন হবে ? | ঘ)বন্ধকী দলিলের মেয়াদ ৬০ বছর। ৬০ বছরের মধ্যে ঋণগ্রহীতা তার বন্ধকী সম্পত্তি Right of redemption মূলে ফেরত পাওয়ার হকদার (Article 47 of limitation Act) |
| ঙ) | পূর্বের এমসিএল দ্বারা আবৃত হলে এবং জামানতি সম্পত্তি অপরিবর্তিত থাকলে বর্ধিত ঋণ প্রদানের ক্ষেত্রে পুনরায় দলিল সম্পাদনের প্রয়োজন হবে কিনা ? | ঙ) পূর্বের এমসিএল দ্বারা আবৃত হলে এবং জামানতি সম্পত্তি অপরিবর্তিত থাকলে বর্ধিত ঋণ প্রদানের ক্ষেত্রে পুনরায় দলিল সম্পাদন করতে হবে। |
| চ) | স্বচ্ছতা নিশ্চিতকরণে এবং ঋণ গ্রহীতাদের অবহিত করার জন্য বন্ধকী দলিলের রেজিষ্ট্রেশন ফি, ভ্যাট ও অন্যান্য খরচের বিষয়ে বিস্তারিত জানা প্রয়োজন। বা উল্লেখিত জিজ্ঞাসার বিপরীতে সম্মানীত গ্রাহকগণকে শাখার উত্তর কি হবে ? | চ) সাব-রেজিস্ট্রি অফিসে রক্ষিত দলিল নিবন্ধন ফিসের তালিকা অনুযায়ী বন্ধকী দলিলের রেজিষ্ট্রেশন ফি, ভ্যাট ও অন্যান্য ব্যয় ঋণ গ্রহীতার খরচে নির্বাহ করতে হবে। |

চলমান পাতা-০২

বিষয়ঃ বাংলাদেশ কৃষি ব্যাংক (বিকেবি) এর অ-কৃষি, বাণিজ্যিক ঋণ এবং ৫০.০০ (পঞ্চাশ) লক্ষ ও তদূর্ধ্ব ঋণের জন্য ঋণ গ্রহীতা কর্তৃক সম্পাদিত বন্ধকি দলিল এবং পাওয়ার অব এটর্নি দলিল সাব-রেজিস্ট্রি অফিসে নিবন্ধনকরণ প্রসঙ্গে।

| ক্রমিক নং | মাঠ কার্যালয়ের অস্পষ্টতা | স্পষ্টীকরণ |
|---|---|---|
| ছ) | অকৃষি ঋণ এবং বাণিজ্যিক ঋণের খাত ভিত্তিক বিস্তারিত বিবরণ প্রয়োজন। শস্য, মৎস্য এবং প্রাণীসম্পদ খাত ব্যতিত অন্য কোন কৃষি ভিত্তিক ব্যবসা যেমন- সার, বীজ, কীটনাশক, কৃষি যন্ত্রপাতি, কৃষি পণ্য ও কৃষি উপকরণের বিপণন ইত্যাদি ব্যবসাকে কৃষি ঋণ হিসেবে বিবেচনা করা যাবে কিনা ? | ছ) কৃষি ঋণ ব্যতীত অন্যান্য ঋণকে অকৃষি/বাণিজ্যিক ঋণ হিসেবে বিবেচনা করতে হবে। বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত কৃষি ও পল্লী ঋণ নীতিমালায় উল্লেখিত সকল খাতে যে কোন ঋণ প্রদান কৃষি সংশ্লিষ্ট ঋণ হিসেবে বিবেচিত হবে। এছাড়া, ক্ষুদ্র ও কুটির শিল্প (১৫.০০ লক্ষ টাকা পর্যন্ত) এবং কৃষি, কৃষি ভিত্তিক কৃষি সর্ম্পকিত ব্যবসার অনুকূলে প্রদত্ত ঋণকে কৃষি ঋণ হিসেবে বিবেচনা করা যাবে। |
| জ) | ১৯৭৩ সালের বাংলাদেশ কৃষি ব্যাংক আদেশের ধারা-১৫ এর আওতা বহির্ভূত ক্ষেত্রসমূহ কি কি ? | জ) ১৯৭৩ সালের বাংলাদেশ কৃষি ব্যাংক আদেশের ধারা-১৫ অনুযায়ী গ্রাম এবং শহর অঞ্চলে কৃষির স্বার্থ এবং কুটির শিল্প ও তৎসংশ্লিষ্ট শিল্পসমূহে জড়িত কৃষিজীবী ও ব্যক্তিবর্গকে বিধি দ্বারা নির্ধারিত সময় ও শর্ত সাপেক্ষে কোন কিছু গুদামজাতকরণের জন্য গুদাম ভাড়া করতে এবং ভাড়া প্রদান করতে ঋণ হিসেবে অগ্রিম প্রদানসহ ব্যাংক নগদে অথবা দ্রব্যে ঋণ সরবরাহ করিবে। ধারা-১৫তে বর্ণিত ক্ষেত্র ব্যতীত অন্যান্য ঋণকে এর আওতা বহির্ভূত ক্ষেত্রসমূহ হিসেবে বিবেচনা করতে হবে। |
| ঝ) | পার্টনারশীপ ব্যবসার ক্ষেত্রে জামানতি সম্পত্তি যদি একজনের নামে হয়, সেক্ষেত্রে সাব-রেজিস্ট্রি অফিসে সম্পাদিত দলিল ০২(দুই) জন অথবা ০১(এক) জন কর্তৃক স্বাক্ষরিত হবে? | ঝ) জামানতি সম্পত্তির মালিক কর্তৃক বন্ধকী দলিল সম্পাদন ও রেজিস্ট্রি হবে। পার্টনারশীপ ব্যবসার ক্ষেত্রে বন্ধকী সম্পত্তি একজনের নাম হলেও ঋণের দায়ভার উক্ত সম্পত্তির উপর বর্তাবে। |

৩। এমতাবস্থায়, বিকেবি, জেনারেল ক্রেডিট বিভাগের পরিকল্পনা ও পরিপত্র নং-০৩/২০২৪, তারিখঃ ১৯/০২/২০২৪ এবং বর্ণিত নির্দেশনা অনুসরণপূর্বক বাংলাদেশ কৃষি ব্যাংক এর অ-কৃষি, বাণিজ্যিক ঋণ এবং ৫০.০০ (পঞ্চাশ) লক্ষ ও তদূর্ধ্ব ঋণের জন্য ঋণ গ্রহীতা কর্তৃক সম্পাদিত বন্ধকি দলিল এবং পাওয়ার অব এটর্নি দলিল বাধ্যতামূলক সাব-রেজিস্ট্রি অফিসে নিবন্ধন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে,

আপনার বিশ্বস্ত,

০৮.০৫.২০২৪

(আবু সাঈদ মোঃ রওশানুল হক)
মহাব্যবস্থাপক
পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ
ফোনঃ ০২৪৭৭১১৫৩৪৪

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ বাংলাদেশ কৃষি ব্যাংক(বিকেবি) এর অ-কৃষি, বাণিজ্যিক ঋণ এবং ৫০.০০ (পঞ্চাশ) লক্ষ ও তদূর্ধ্ব ঋণের জন্য ঋণ গ্রহীতা কর্তৃক সম্পাদিত বন্ধকি দলিল এবং পাওয়ার অব এটর্নি দলিল সাব-রেজিস্ট্রি অফিসে নিবন্ধনকরণ প্রসঙ্গে।

নং- বিকেবি-প্রকা/জেঃক্রেবি/১/৩৭)/অংশ-১২/২০২৩-২০২৪/ ১৮৯৬ (১২৫০) তারিখঃ ০৮.০৫.২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। **উপরোক্ত পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।**
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

08/05/2024

(মোহাম্মদ মইনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক
ফোনঃ ০২২২৩৩৫৮৬৮১